

## মওলানা ভাসানী ভাসিটিতে পুলিশী তাণ্ডবে অর্ধশত ছাত্রছাত্রী আহত

ঢাকাস্থিত, ২৯ সেপ্টেম্বর, সংবাদদাতা ০ টাঙ্গাইলের  
সংগঠিত মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে  
আন্দোলনরত ছাত্রছাত্রীদের ওপর পুলিশ ব্যাপক লাঠিচার্জ ও  
তলিবর্ষণ করেছে। এ সময় পুরো এলাকার গণচেত্রে পরিণত  
হয়। ছাত্রছাত্রীরা হলে নিয়ে আশ্রয় নিলে সেখানেও পুলিশ  
তাদের ওপর বেধড়ক লাঠিচার্জ করে। এতে অর্ধশতাধিক  
ছাত্রছাত্রী আহত হয়। পুলিশ ক্যাম্পাস থেকে সন্ধ্যা ৭টা  
পর্যন্ত ২০ জনকে গ্রেফতার করে থানায় নিয়ে এসেছে।  
ক্রেডিট ফী কমানোর দাবিতে ছাত্রছাত্রীরা কয়েকদিন থেকে

### ক্রেডিট ফী কমানোর দাবিতে শিক্ষার্থীদের আন্দোলন

আন্দোলন করছিল। বৃহস্পতিবার সন্ধ্যা ৬টায় ভিসির সঙ্গে  
ছাত্রদের বৈঠক হওয়ার কথা ছিল। কিন্তু ভিসি প্রফেসর ড.  
খালিদুর রহমান জেলার দায়িত্বপ্রাপ্ত এনজিও বিষয়ক প্রতিমন্ত্রী  
(১১-পৃষ্ঠা ৪-এর ৩১ দেখুন)

### মওলানা ভাসানী (১২-এর পাতার পর)

মুফসস রহমান খান আজাদকে ক্যাম্পাসের বিভিন্ন কর্মকাণ্ড  
দেখানোর পরই বিকালে চলে যান।  
এদিকে ছাত্রছাত্রীরা বিকাল ৫টায় ভিসির কার্যালয় ঘেরাও  
করতে গেলে পুলিশ সুপার যীর্জা আবদুল্লাহেল বাকী তাদের  
সঙ্গে আলোচনা শুরু করেন। এক পর্যায়ে ছাত্রছাত্রীরা বিক্ষুব্ধ  
হয়ে উঠলে সেখানে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট জিয়াউদ্দিনের  
নির্দেশে শতাধিক পুলিশ তাদের ওপর লাঠিচার্জ ও তলিবর্ষণ  
করে। ছাত্ররা দৌড়ে তাদের হলে ঢুকলে পুলিশ পুরো  
এলাকা ঘেরাও করে হল থেকে বের করে এনে বেধড়ক  
লাঠিপেটা করে। ক্যাম্পাস এলাকার বিভিন্ন স্থানের ছাত্রদেরও  
পুলিশ ধরে এসে পেটায়। এ সময় বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষকরাও পুলিশের এই নির্বাসন বহুধর জন্য অনুরোধ  
জানান। কিন্তু পুলিশ তাদের অনুরোধে কর্ণপাত করেনি।  
পরে পুলিশ তাদের পিঠমোড়া দিয়ে বেঁধে টাঙ্গাইল থানায়  
নিয়ে আসে।